# উপজেলা পরিষদ, খানসামা এর নভেম্বর, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ তাজ উদ্দিন, প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব) উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর |
| তারিখ | : ১৯/১১/২০২৪ খ্রি. |
| সময় | : সকাল-১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার প্রারম্ভে গত ১১/০৭/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুলাই মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ০৩ (তিন) জন ডাক্তার কর্মরত আছে। শুন্য পদ ১৩, শুন্য পদে ডাক্তার পদায়নের জন্য সুপারিশ করা হয়। ডাক্তার স্বল্পতার কারণে চিকিৎসা সেবার মান কিছুটা হলেও ব্যাহত হচ্ছে। | (১) চিকিৎসা সেবার মান আরও উন্নত করতে হবে।<br>(২) রোগীদের মানসম্মত খাবার সরবরাহ চিন্হিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০২ | প্রকৌশল বিভাগঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ১ম কিস্তিতে ২৫,৪২,০০০ (পচিঁশ লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে যা নীতিমালা অনুযায়ী খাতওয়ারী স্কীম গ্রহণ করা যেতে পারে এবং খানসামা উপজেলায় এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কাজগুলো সুষ্ঠুভাবে চলছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, এলজিইডি'র অধীন "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় দিনাজপুর জেলার খানসামা উপজেলাধীন কাচিনীয়া বাজার সংলগ্ন বেলান নদী উপ-প্রকল্পের খাল পুনঃখননের পর উপজেলা মাটি/বালি ব্যবস্থাপনা/বিক্রয় উপ-কমিটির ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক গত ০৯/০৫/২০২৩ খ্রি. তারিখে সরেজমিন খননকৃত মাটি পরিমাপ করে একখানা প্রাক্কলন প্রস্তুত করা করা হয়েছে। মাটির পরিমাণ ১০০০৬ ঘন মিটার যা এখনও খালের পাড়ে স্তুপকৃত অবস্থায় রয়েছে। স্তুপকৃত কিছু মাটি গত বর্ষায় খালে/নদীতে পড়ে ভরাট হয়ে গেছে। এতে পানি নিস্কাশনের প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। আসন্ন বর্ষার আগে সঠিক ব্যবস্থাপনা গ্রহন করা না হলে স্তুপকৃত মাটি বর্ষায় খালে/নদীতে পড়ে ভরাট হয়ে যাবে। ফলে পানি নিষ্কাশনের সুফল পাওয়া যাবে না। বর্তমানে উক্ত কাজ করার অনুকূল পরিবেশ বিরাজমান রয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, আসন্ন বর্ষা শুরুর পূর্বেই প্রাক্কলিত খননকৃত অতিরিক্ত মাটি অপসারণের লক্ষ্যে প্রকাশ্য নিলামের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন। প্রস্তাবের প্রেক্ষিতে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে উক্ত স্তুপকৃত মাটি অপসারণের নিমিত্ত বিধি মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান।<br><br>পর্যালোচনা : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে এলজিইডি'র অধীন "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় দিনাজপুর জেলার খানসামা উপজেলাধীন কাচিনীয়া বাজার সংলগ্ন বেলান নদী উপ-প্রকল্পের খাল পুনঃখননের পর অতিরিক্ত ১০০০৬ ঘন মিটার স্তুপকৃত মাটি প্রকাশ্যে নিলামের নিমিত্ত জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে স্তুপকৃত ১০০০৬ ঘন মিটার মাটির প্রাক্কলনসহ পত্র জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর মহোদয়কে অনুরোধ করা হলো।<br>(২) জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের অনুমোদন অন্তে বিধি মোতাবেক নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুরকে অনুরোধ করা হলো।<br>(৩) নিলামের মাধ্যমে বিক্রয়লব্ধ অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর নিশ্চিত করবেন।<br>(৪) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর। |
| | উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ হাট উন্নয়ন তহবিলের আওতায় ১নং আলোকঝাড়ী ইউনিয়নের খানসামা হাট, ২নং ভেড়ভেড়ী ইউনিয়নের রামকলাহাট, ৩নং আংগারপাড়া ইউনিয়নের পাকেরহাট, ৪নং খামারপাড়া ইউনিয়নের কালীরহাট, ৫নং ভাবকী ইউনিয়নের কাচিনীয়াহাট এবং ৬নং গোয়ালডিহি ইউনিয়নের | (৫) উপজেলা পরিষদের হাট উন্নয়ন তহবিল (রাজস্ব) হতে ব্যয়ভার মিটানোর জন্য | প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, |

হাট বাজারের টয়লেট মেরামত ও নির্মাণ, রাস্তা আরসিসিকরণ ও ড্রেন নির্মাণ কাজের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন পরিষদের রেজুলেশনসহ স্কীমগুলো বাস্তবায়নের আবেদন করেছেন। তিনি হাটবাজার ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন সভায় পাঠ করে শোনান। উক্ত কমিটির সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত প্রকল্পগুলো প্রাক্কলন তৈরি করে প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদন প্রয়োজন। তিনি জরুরী ভিত্তিতে প্রকল্পগুলো বাস্তবায়নের অনুরোধ করেন। তিনি সভায় আরও জানান যে, এই প্রকল্পগুলো বাস্তবায়ন করা হলে এলাকাবাসীর তথা হাটবাজারে চলাচলের সুবিধা ও বাজারের আর্থিক পরিবেশ লাভ করবে।

| ক্র | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ১নং আলোকঝাড়ী ইউনিয়নের খানসামা হাট-বাজারে রফিক মার্চেন্টের দোকান হতে শাহজাহানের বাড়ীর দরজা পর্যন্ত রাস্তা সিসিকরণ। | ১,৯৩,৯০০/- | দরপত্র | ১০% |
| ০২ | ১নং আলোকঝাড়ী ইউনিয়নের কলন্ত ডিম ঘর হতে খানসামা কেন্দ্রীয় দুর্গামন্দির পর্যন্ত রাস্তা সিসিকরণ। | ১,৭০,৩০০/- | দরপত্র | ১০% |
| ০৩ | ১নং আলোকঝাড়ী ইউনিয়নের খানসামা হাটের কিলড্রেন নির্মাণ। | ১,৪১,১০০/- | দরপত্র | ১০% |
| ০৪ | ১নং আলোকঝাড়ী ইউনিয়নের খানসামা হাটের টয়লেট মেরামত ও সেপটিক ট্যাংক নির্মাণ। | ১,৬০,১০০/- | পিআইসি | ১০% |
| ০৫ | ১নং আলোকঝাড়ী ইউনিয়নের খানসামা বাজারের বাচ্চুর দোকান হতে হাইরোড পর্যন্ত রাস্তা সিসিকরণ ও জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণ ও পুরাতন ড্রেনে সংযোগ। | ৩,৫০,০০০/- | আরএফকিউ | ১৫% |
| ০৬ | ২নং ভেড়ভেড়ী ইউনিয়নের রামকলাহাট বাজারে হাসিনুর দোকান হতে রামকলা মহাশ্মশান পর্যন্ত আরসিসি ড্রেন ও ইউ ড্রেন নির্মাণ। | ৬,২১,০০০/- | দরপত্র | ১৫% |
| ০৭ | ২নং ভেড়ভেড়ী ইউনিয়নের টংগুয়া বাজারে তৈয়ব ডাক্তারের দোকান হতে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন পর্যন্ত ড্রেন সংস্কার ও পরিষ্কারকরণ। | ২,০০,০০০/- | পিআইসি | ১০% |
| ০৮ | ৩নং আংগারপাড়া ইউনিয়নের পাকেরহাট-বাজারে মহাদেব বাবুর দোকান হতে সোনালী ব্যাংক হাইরোড পর্যন্ত রাস্তা আরসিসিকরণ। | ১৪,৯৮,৪০০/- | দরপত্র | ১০% |
| ০৯ | ৩নং আংগারপাড়া ইউনিয়নের পাকেরহাট-বাজারে কবিতা সুইটস এর সামনে থেকে আমিনুল বিএসসি এর দোকান হয়ে কফিলের মসজিদ হয়ে বাইপাস রাস্তা পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ। | ৩৫,৪৫,৩০০/- | দরপত্র | ১৫% |
| ১০ | ৩নং আংগারপাড়া ইউনিয়নের পাকেরহাট-বাজারে নিমাই বাবুর দোকান হতে নবাব চৌধুরীর মিলের পার্শ্বে ড্রেন নির্মাণ ও পুরাতন ড্রেনে সংযোগ। | ২,০০,০০০/- | পিআইসি | ১০% |
| ১১ | ৪নং খামারপাড়া ইউনিয়নের কালীরহাট বাজারের সবজি সেড মেরামত ও টিনের চালা পরিবর্তন। | ২,০০,০০০/- | পিআইসি | ১০% |
| ১২ | ৫নং ভাবকী ইউনিয়নের কাচিনীয়াহাট বাজারে আবুলের দোকান হতে পুরাতন ট্রাঙ্ক পর্যন্ত রাস্তা আরসিসিকরণ। | ৭,৫৪,২০০/- | আরএফকিউ | ১০% |
| ১৩ | ৫নং ভাবকী ইউনিয়নের কাচিনীয়াহাট বাজারে ভাবকী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনের পিছন হতে বুলবুলের দোকান পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ। | ৮,৪৪,৮০০/- | আরএফকিউ | ১৫% |

সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলনসমূহ অনুমোদন করা হলো। জরুরী ভিত্তিতে প্রকল্পগুলোর মধ্যে ক্রমিক নং (৪), (৭), (১০), (১১), (১৪) প্রকল্পগুলো প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে এবং ক্রমিক নং (১), (২), (৩), (৫), (৬), (৮), (৯), (১২), (১৩) ও (১৫) এ বর্ণিত প্রকল্পগুলো দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুরকে অনুরোধ করা হলো।

নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর। ৩

৫

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | ৬নং গোয়ালডিহি ইউনিয়নের ভুল্লারহাট বাজারে জোড়া টয়লেট নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি | ১০% |

**পর্যালোচনা :** উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটির সুপারিশকৃত ও উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত বর্ণিত প্রকল্পগুলো ও প্রাক্কলনসমূহ এবং তার প্রস্তাবনার উপরে বিস্তারিত আলোচনা করা হলো। চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউপি সভায় জানান যে, স্কীমগুলো অত্যন্ত যুক্তিযুক্ত। যা অনুমোদনের সুপারিশ করেন এবং উপজেলা হাট উন্নয়ন তহবিল হতে ব্যয়ভার মিটানোর জন্য মতামত প্রদান করেন।

উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে ২৫,৪২,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে একই নিয়মে ২৫,৪২,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যাবে মর্মে আশা করা যায়। সেই আলোকে সর্বমোট বরাদ্দ দাড়ায় (২৫,৪২,০০০×৪) = ১,০১,৬৮,০০০/- টাকা। ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত ৫৪,৬৫,৬১৩/- টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর মোট বরাদ্দ ১,০১,৬৮,০০০/- টাকা এবং ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত ৫৪,৬৫,৬১৩/- টাকা একুনে (১,০১,৬৮,০০০/- +৫৪,৬৫,৬১৩/-)= ১,৫৬,৩৩,৬১৩/- (এক কোটি ছাপান্ন লক্ষ তেত্রিশ হাজার ছয়শত তেরো) টাকা মাত্র।

তিনি সভায় আরও জানান যে, উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা নভেম্বর, ২০১৪ অনুযায়ী ৩০% হিসেবে ৪৬,৯০,০৮৩/- টাকা পিআইসি'র মাধ্যমে স্কীম গ্রহণ করে প্রকল্প বাস্তবায়ন করা যাবে। টেন্ডারের মাধ্যমে ১,০৯,৪৩,৫৩০/-টাকার স্কীম গ্রহণ করা যাবে, টেন্ডারের ৫% নিম্নদরের অবশিষ্ট ৫,৪৭,১৭৬/- টাকার স্কীম গ্রহণ করা যাবে এবং উক্ত নির্দেশিকার ১২(১৫) অনুচ্ছেদের উপ- ধারা মোতাবেক ০.৫% আনুসঙ্গিক খরচ বাবদ ৭৮,১৬৮/- টাকা ও ৬(১)(৩)(ঙ) অনুচ্ছেদের উপ-ধারা মোতাবেক ১% তদারকি খরচ বাবদ ১,৫৬,৩৩৬/- টাকা ব্যয় করা যাবে। বরাদ্দ পত্র ও সরকারি নীতিমালার আলোকে খাতওয়ারী বিভাজন করে স্কীম গ্রহণ করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বরাদ্দকৃত টাকা দ্বারা (১) কৃষি ও ক্ষুদ্রসেচ (২) বস্তুগত অবকাঠামো ও (৩) আর্থ সামাজিক অবকাঠামো এই তিনটি খাতে নির্দিষ্ট হারে বিভাজন করে প্রকল্প গ্রহণ করার জন্য অনুরোধ করেন।

সভায় সরকারি নীতিমালার আলোকে বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন বিভাগ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কর্তৃক দাখিলকৃত স্কীমের তালিকা হতে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত স্কীমসমূহ বাস্তবায়নের জন্য সকল সদস্য অভিমত প্রকাশ করেন।

২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর থোক বরাদ্দের আওতায় গৃহীত ও বাস্তবায়নযোগ্য স্কীম তালিকাঃ

| ক্র: | প্রকল্পের অবস্থান | স্কীমের নাম | বরাদ্দকৃত টাকা | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|
| ০১ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৩নং ওয়ার্ডে সাজাপুর গাহেনডুবা পাড়া ভক্তপ্রান হরিবাসর নির্মাণ। | ৩,৫০,০০০/- | আরএফকিউ |
| ০২ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৮নং ওয়ার্ডের জাহাঙ্গীরপুর মেসার্স খানসামা ফিলং স্টেশনের পাশে আদর্শগ্রাম যাওয়ার রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ০৩ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ১নং ওয়ার্ডে পুকুর পাড়ায় সফির বাড়ী থেকে ভুল্টুশাহ এর বাড়ী পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | ২,০০,০০০/- | টেন্ডার |
| ০৪ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৭নং ওয়ার্ডে সফুরত শাহপাড়া জামে মসজিদ সংস্কার। | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ০৫ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৫নং ওয়ার্ডে সহজপুর দাখিল মাদ্রাসায় গেট সংস্কার ও আসবাবপত্র সরবরাহ। | ৩,৫০,০০০/- | আরএফকিউ |

(৬) টেন্ডারের মাধ্যমে ২৬টি, আরএফকিউ এর মাধ্যমে ০৮টি এবং পিআইসি এর মাধ্যমে ২৩টি সর্বমোট ৫৭টি প্রকল্প অনুমোদন করা হলো।
(৭) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ উপজেলা প্রকৌশলী, খানসামাকে অনতিবিলম্বে দরপত্র আহবান করার জন্য অনুরোধ করা হলো।
(৮) পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের পিআইসি কমিটি তালিকা আগামী সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।

প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর।

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৫নং ওয়ার্ডে সহজপুর গ্রামের সামাদ বিএসসি পাড়ায় রাস্তার ধারে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ০৭ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৫নং ওয়ার্ডে সহজপুর গ্রামের মন্ডলপাড়ায় পুকুরের ধারে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ০৮ | ৩নং আংগারপাড়া ইউপি | ৮নং ওয়ার্ডে ইসলামী পাঠাগার সংস্কার। | ২,০০,০০০/- | টেন্ডার |
| ০৯ | ৩নং আংগারপাড়া ইউপি | পাকেরহাট ব্রয়লার হাটি হতে বেলান নদী পর্যন্ত ড্রেন ও আবর্জনা ফেলার জন্য ডাস্টবিন নির্মান। | ১৪,৫০,০০০/- | টেন্ডার |
| ১০ | ৩নং আংগারপাড়া ইউপি | আংগারপাড়া ইউনিয়ন পরিষদের মালামাল রাখার গোডাউনের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৩,৫০,০০০/- | আরএফকিউ |
| ১১ | ৩নং আংগারপাড়া ইউপি | ১নং ওয়ার্ড হতে ৯নং ওয়ার্ডের হতদ্ররিদ্রদের মাঝে টিউবওয়েল বিতরণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ১২ | ৩নং আংগারপাড়া ইউপি | ৬নং ওয়ার্ডে মর্নিং সানক্লাব সংস্কার। | ১,৫০,০০০/- | পিআইসি |
| ১৩ | ৪নং খামারপাড়া ইউপি | ৯নং ওয়ার্ডে গাড়পাড়া কাছারীর ডাঙ্গায় সিটিং প্লেস নির্মাণ। | ২,৫০,০০০/- | টেন্ডার |
| ১৪ | ৪নং খামারপাড়া ইউপি | ৮নং ওয়ার্ডে বালাপাড়া আমিনুল মেম্বার মোস্তফার বাড়ীর পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | টেন্ডার |
| ১৫ | ৪নং খামারপাড়া ইউপি | ৬নং ওয়ার্ডে কায়েমপুর গ্রামে মাঝাপাড়া আকবর মাস্টারের বাড়ীর উত্তর পার্শে গাইডওয়াল নির্মাণ। | ৩,০০,০০০/- | টেন্ডার |
| ১৬ | ৪নং খামারপাড়া ইউপি | ৬নং ওয়ার্ডে কায়েমপুর গ্রামে মাঝাপাড়া নজিরের পুকুরো গাইডওয়াল পুনঃনির্মাণ। | ১,০০,০০০/- | টেন্ডার |
| ১৭ | ৪নং খামারপাড়া ইউপি | ৭নং ওয়ার্ডে জুগীরঘোপা বশির মেম্বারের বাড়ীর পূর্ব পার্শ্বের রাস্তায় গাইডওয়াল নির্মাণ। | ১,০০,০০০/- | টেন্ডার |
| ১৮ | ৪নং খামারপাড়া ইউপি | বালাপাড়া রইছ উদ্দিনের বাড়ীর পিছন পার্শে ড্রেন নির্মাণ। | ৩,৫০,০০০/- | আরএফকিউ |
| ১৯ | ৪নং খামারপাড়া ইউপি | বালাপাড়া খালেক চেয়ারম্যানপাড়া জামে মসজিদ সংস্কার। | ২,০০,০০০/- | পিআইসি |
| ২০ | ৪নং খামারপাড়া ইউপি | ৩নং ওয়ার্ডে ডাঙ্গাপাড়া দেবারুশাহ পাড়ার নাজমুলের বাড়ীর সামনে ড্রেন নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ২১ | ৫নং ভাবকী ইউপি | আগ্রা নিবারিয়া এতিমখানা সংস্কার। | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ২২ | ৫নং ভাবকী ইউপি | রামনগর কাউয়াশাহপাড়া বায়তুল সালাম জামে মসজিদ সংস্কার। | ১,০০,০০০/- | টেন্ডার |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২৩ | ৫নং ভাবকী ইউপি | রামনগর চাটিয়াশাহপাড়া এতিমখানা সংস্কার। | ১,০০,০০০/- | টেন্ডার | | |
| | ২৪ | ৫নং ভাবকী ইউপি | মাড়গাঁও গ্রামের তালের ডাঙ্গা কবরস্থানের সীমানা প্রাচীর নির্মার্ণ। | ১,৫০,০০০/- | টেন্ডার | | |
| | ২৫ | ৫নং ভাবকী ইউপি | আগ্রা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে দক্ষিণ আগ্রা যাওয়ার রাস্তায় আশার দোকানের পাশে ইউড্রেন নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি | | |
| | ২৬ | ৫নং ভাবকী ইউপি | কাচিনীয়া মুড়কুড়ার মোড় হতে বুড়িতলা যাওয়ার রাস্তায় ইউড্রেন নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি | | |
| | ২৭ | ৫নং ভাবকী ইউপি | রামনগর চাটিয়াশাহ মাদ্রাসা হতে গাড়পাড়া যাওয়ার রাস্তায় আনোয়ারের বাড়ীর পাশে ইউড্রেন নির্মান। | ৩,৫০,০০০/- | আরএফকিউ | | |
| | ২৮ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার আকবর আলী শাহ দাখিল মাদ্রাসার ইছামতি নদীর উপর কাঠের সাকো নির্মান। | ৩,৫০,০০০/- | আরএফকিউ | | |
| | ২৯ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ৪নং ওয়ার্ডে আব্দুল শাহ পাড়া জামে মসজিদের মেঝে টাইলস করণ। | ১,৫০,০০০/- | টেন্ডার | | |
| | ৩০ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ভুল্লারহাট জামে মসজিদের সিডি নির্মাণ। | ২,০০,০০০/- | টেন্ডার | | |
| | ৩১ | ৬নং গোয়ালডিহি ইউপি | হাসিমপুর মৌজার ২নং ওয়ার্ডে পুলহাট জামে মসজিদের মেঝে টাইলস করণ। | ১,৫০,০০০/- | টেন্ডার | | |
| | ৩২ | ৬নং গোয়ালডিহি ইউপি | নলবাড়ী মৌজার ৭নং ওয়ার্ডে আজগার মাস্টার পাড়া জামে মসজিদের মেঝে টাইলস করণ। | ১,৫০,০০০/- | টেন্ডার | | |
| | ৩৩ | ৬নং গোয়ালডিহি ইউপি | দুবলিয়া মৌজার ৯নং ওয়ার্ডে হাঠাৎপাড়া কবরস্থানে নিরাপত্তা বেস্টনি নির্মাণ। | ১,৫০,০০০/- | টেন্ডার | | |
| | ৩৪ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ৫নং ওয়ার্ডে রহমতুল্লাহপাড়া কবরস্থানে নিরাপত্তা বেস্টনি নির্মাণ। | ১,৫০,০০০/- | টেন্ডার | | |
| | ৩৫ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ৫নং ওয়ার্ডে জনাব আলী শাহপাড়ার পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | ১,০০,০০০/- | টেন্ডার | | |
| | ৩৬ | কেন্দ্রীয় | খানসামা শিশুপার্কের অভ্যন্তরে সিসি রাস্তা নির্মাণ ও টাইলসকরণ। | ১০,০০,০০০/- | আরএফকিউ | | |
| | ৩৭ | কেন্দ্রীয় | খানসামা শিশুপার্কের বিদ্যমান রাইডসমূহ সংস্কার ও রংকরণ। | ২,০০,০০০/- | পিআইসি | | |
| | ৩৮ | কেন্দ্রীয় | উপজেলা পরিষদ জামে মসজিদ সংস্কার ও | ২,০০,০০০/- | পিআইসি | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রং করণ। | | |
| ৩৯ | কেন্দ্রীয় | জাহাঙ্গীরপুর হাসপাড়া মসজিদের ওজুখানা নির্মান। | ৫০,০০০/- | পিআইসি |
| ৪০ | প্রকৌশলী | খানসামা উপজেলা প্রকৌশল দপ্তরের দাপ্তরিক কাজের জন্য ভালো মানের দুইটি কম্পিউটার ও প্রিন্টার ক্রয় ও সরবরাহ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৪১ | প্রকৌশলী | ২০২৪-২০২৫ অর্থবছরের ০.৫% আনুষঙ্গিক ব্যয় বিল। | ৫৯,৬৬৪/- | |
| ৪২ | প্রকৌশলী | ২০২৪-২০২৫ অর্থবছরের গৃহীত প্রকল্পসমূহ নির্মাণকালীন সময়ে ১% পরিদর্শন ব্যয় বিল। | ১,০৮,৩৩৬/- | |
| | | উপমোট = | ১,০১,৬৮,০০০/- | |
| ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত ২০২৪-২০২৫ অর্থবছরের উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত ও বাস্তবায়নযোগ্য স্কীম তালিকা | | | | |
| ৪৩ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৪নং ওয়ার্ডে শুশুলী মৌজায় গাহেনডুবা ডাড়ার উপর ব্রীজ রক্ষার্থে গাইডওয়াল নির্মাণ। | ৬,০০,০০০/- | টেন্ডার |
| ৪৪ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৭নং ওয়ার্ডের গোবিন্দপুর ডাঙ্গাপাড়া জামে মসজিদের ওয়াল, দরজা ও জানালা নির্মাণ। | ৭,০০,০০০/- | টেন্ডার |
| ৪৫ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ২নং ওয়ার্ডে রামকলা বাজারে পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | ৪,০০,০০০/- | টেন্ডার |
| ৪৬ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৪নং ওয়ার্ডে খামারবিষ্ণুগঞ্জ গ্রামের মোশাররফের বাড়ীর সামনে কালভার্ট নির্মাণ ও ৫নং ওয়ার্ডে সহজপুর গ্রামের মোমিনুল মাস্টারের পাড়ায় পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | ৩,০০,০০০/- | টেন্ডার |
| ৪৭ | ৩নং আংগারপাড়া ইউপি | ২নং ওয়ার্ডে তালেব মেম্বারপাড়া ইসলামী পাঠাগার সংস্কার। | ২,০০,০০০/- | টেন্ডার |
| ৪৮ | ৫নং ভাবকী ইউপি | দেউলগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে দেউলগাঁও ক্লিনিক যাওয়ার রাস্তায় আরসিসি রাস্তা সংস্কার। | ৫,৫০,০০০/- | টেন্ডার |
| ৪৯ | কেন্দ্রীয় | খানসামা উপজেলাধীন রাত্রীকালীন পাহাড়ায় নিয়োজিত সকল আনসার সদস্য ও সকল ইউনিয়ন পরিষদে কর্মরত দফাদার ও মহল্লাদারদের জন্য রেইনকোট ও টর্চলাইট ক্রয় ও সরবরাহ। | ৮,৫০,০০০/- | আরএফকিউ |
| ৫০ | কেন্দ্রীয় | পশ্চিম বাসুলী আব্দুল্লাহ মিয়া জামে মসজিদ সংস্কার ও রংকরণ। | ১,৯৯,১০৯/- | পিআইসি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫১ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৯নং ওয়ার্ডে গোবিন্দপুর কয়ছার মিস্ত্রীর মোড় হতে মহবার কসাইয়ের বাড়ী যাওয়ার রাস্তায় মরহুম শহীদ মাস্টার বাড়ীর সামনে পুরাতন বক্স কালভার্ট মেরামত। | ১,৫০,০০০/- | পিআইসি |
| ৫২ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৯নং ওয়ার্ডে ভোকেশনাল মোড় চৌধুরী পাড়া যাওয়ার রাস্তায় কালভার্ট নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৫৩ | ৩নং আংগারপাড়া ইউপি | ৪নং ওয়ার্ডে ইছামতি নদী সংলগ্ন নাওঘাটি পার পাকা রাস্তার পার্শ্বে শ্মশানে সীমানা প্রাচীর নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৫৪ | ৪নং খামারপাড়া ইউপি | বালাপাড়া আবুল হাশেমের পুকুর ধারে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৫৫ | ৫নং ভাবকী ইউপি | ভাবকী দামুয়ার ডাঙ্গা কবরস্থানের সীমান প্রাচীর নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৫৬ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ৪নং ওয়ার্ডে ভুল্লারহাটে লেট্রিন নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৫৭ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজায় ময়দানের পাড় উত্তমপাড়া যাওয়ার রাস্তায় কামাতি খরের উপর কালভার্ট নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৫৮ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার সাকোর পাড় রাস্তার পার্শ্বে নদীর ধারে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৫৯ | কেন্দ্রীয় | আংগারপাড়া ইউনিয়নের ২নং ওয়ার্ডে সুবর্ণখুলী পূর্বডাঙ্গাপাড়া গ্রামের মরহুম আবুল কাশেমের কবরস্থানের সীমানা প্রাচীর নির্মাণ। | ৫০,০০০/- | পিআইসি |
| ৬০ | প্রকৌশলী | ২০২৪-২০২৫ অর্থবছরের ০.৫% আনুষঙ্গিক ব্যয় বিল। | ১৮,৫০৪/- | |
| ৬১ | প্রকৌশলী | ২০২৪-২০২৫ অর্থবছরের গৃহীত প্রকল্পসমূহ নির্মাণকালীন সময়ে ১% পরিদর্শন ব্যয় বিল। | ৪৮,০০০/- | |
| | | উপমোট = | ৫৪,৬৫,৬১৩/- | |
| | | সর্বমোট = | ১,৫৬,৩৩,৬১৩/- | |

উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিষদে প্রবেশের জন্য পশ্চিম, উত্তর ও দক্ষিণে তিনটি সংযোগ সড়ক রয়েছে। এই তিনটি প্রবেশ পথে ইতোপূর্বে একটি করে গেট নির্মাণ করা হয়েছে। গেট তিনটি জুলাই-আগস্ট, ২০২৪ এ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের হামলায় কিছুটা নষ্ট হয়েছে। পরিষদের নিরাপত্তার সার্থে রাত্রীকালীন বহিরাগত নিয়ন্ত্রণের জন্য গেট তিনটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এছাড়াও উপজেলা পরিষদের আবাসিক রুপালী ভবনের কেচি গেট নষ্ট হওয়ায় একটি নতুন গেট নির্মাণ ও একটি পাম্প স্থাপন, উপজেলা কোর্ট বিল্ডিং ভবনে একটি পাম্প স্থাপন এবং টুইন কোয়ার্টার কাজলী ও গোধলী আবাসিক ভবনের পানি সরবরাহের লাইন বন্ধ হওয়ায় মেরামত আশু প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে আলোচনা করে ২,০০,০০০/- টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করা হলো।

পর্যালোচনা : বিষয়টি উপর বিস্তারিত আলোচনা করা হলো। উপজেলা প্রকৌশলী, খানসামা,

প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর।

| | | | |
|---|---|---|---|
| | দিনাজপুর কর্তৃক দাখিলকৃত প্রাক্কলনটি যাচাই করা হলো। স্কীমটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় মিটানোর জন্য সকল সদস্যগণ মতামত প্রদান করেন এবং স্কীমটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।<br><br>সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে ও সকল সদস্যগণ একমত পোষণ করে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হলো।<br><br>প্রকল্পের নাম : উপজেলা পরিষদের বিভিন্ন আবাসিক ভবনসমূহের পানির লাইন মেরামত, দুইটি পাম্প স্থাপন, একটি কেচি গেট নির্মাণ ও উপজেলা পরিষদে প্রবেশের তিনটি সংযোগ সড়কে নির্মিত গেট মেরামতকরণ।<br>(ক) প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে।<br>(খ) প্রকল্পে মোট ব্যয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা চূড়ান্ত করা হলো।<br>(গ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত) হতে এই ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(ঘ) নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন ও অনুমোদন করা হলো।<br>(১) জনাব মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউপি, খানসামা, দিনাজপুর- সভাপতি<br>(২) জনাব মোঃ এরশাদুল হক, উপজেলা শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর- সদস্য<br>(৩) জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপজেলা যুব উন্নয়ন অফিসার, খানসামা, দিনাজপুর-সদস্য<br>(৪) জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, খানসামা, দিনাজপুর- সদস্য<br>(৫) জনাব মোঃ মফিজুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ, খানসামা, দিনাজপুর-সদস্য<br>(৬) জনাব মোঃ আব্দুস সালাম, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, খানসামা, -সদস্য<br>(৭) জনাব মোঃ তমিজুল ইসলাম, উপজেলা সমাজসেবা অফিসার, খানসামা, দিনাজপুর- সদস্য-সচিব | | |
| ০৩ | কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে রোপা আমন আবাদ হাইব্রীড ৮৫০ হেক্টর ও উফশী ১২৯১০ হেক্টর মোট ১৩৭৬০ হেক্টর। বর্তমানে ১০৯৫০ হেক্টর রোপা আমন ধান কর্তন হয়েছে। যার গড় ফলন ৩.৪৯ মে.টন (চালে)। চলতি রবি-২০২৪-২৫ মৌসুমে বোরো, গম, আলু, সবজি, ভুট্টা, রসুন, সরিষা, পেঁয়াজ, মরিচ আবাদের লক্ষ্যমাত্রা যথাক্রমে ৩৫০০ হেক্টর, ১০০ হেক্টর, ১৯০০ হেক্টর, ৬৯০ হেক্টর, ৮৪৯০ হেক্টর, ১৬২০ হেক্টর, ১৫৯০ হেক্টর, ১৩৫ হেক্টর ও ৪০ হেক্টর। এর মধ্যে অর্জিত হয়েছে আলু ১২০০ হেক্টর, সবজি ৪৫০ হেক্টর, রসুন ৪৫০ হেক্টর, ভুট্টা ১৬০ হেক্টর, সরিষা ১৩০ হেক্টর। রবি-২০২৪-২৫ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় বরাদ্দকৃত কৃষকদের মাঝে উপকরণ বিতরণ অব্যাহত রয়েছে।<br>তিনি সভায় আরও জানান যে, ডিলার পর্যায়ে ৩৯৩ মে.টন ইউরিয়া সার মজুদ রয়েছে। টিএসপি ৫৭ মে.টন, এমওপি ১৪০ মে.টন ও ডিএপি ১৫১ মে.টন নন-ইউরিয়া সার মজুদ রয়েছে। সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে অব্যাহত রয়েছে। | (১) সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে চলমান রাখতে হবে। বীজ ও কীটনাশক বিক্রয়ে ভেজাল রোধে কঠোর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। তিনি বলেন যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসের ০২টি পুরাতন, জরাজীর্ণ অব্যবহৃত ভবন উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের বাহ্যিক সৌন্দর্য নষ্ট করছে। ফলে ভবন দুটি ভেঙ্গে ফেলা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক এঁর সাথে আলোচনা ক্রমে উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর কর্তৃক পুরাতন, জরাজীর্ণ, অব্যবহৃত ভবন ভাঙ্গার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত টাকার পরিমান ১,২৮,৯২১.৯৩ টাকা তন্মধ্যে অপসারণ খরচ ৯৩,৯৬০.০০ টাকা। ভাঙ্গার খরচ বাদে নীট সরকারি মূল্য (১২৮,৯২১.৯৩-৯৩,৯৬০.০০) = ৩৪,৯৬১.৯৩ (চৌত্রিশ হাজার নয়শত একষট্টি টাকা তিরানব্বই পয়সা মাত্র। সরকারি নিয়মানুযায়ী নিলামের মাধ্যমে বিক্রয় করা যেতে পারে।<br>পর্যালোচনা : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলনটি ৩৪,৯৬১.৯৩ (চৌত্রিশ হাজার নয়শত একষট্টি টাকা তিরানব্বই পয়সা মাত্র সকল সদস্য একমত ক্রমে অনুমোদনের জন্য সুপারিশ করেন এবং দরপত্র নিলামের মাধ্যমে বিক্রয় করার জন্য মতামত দেন। | উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলনটি ৩৪,৯৬১.৯৩ (চৌত্রিশ হাজার নয়শত একষট্টি টাকা তিরানব্বই পয়সা মাত্র অনুমোদন দেয়া হলো। উপজেলা প্রাণিসম্পদ অফিসের পুরাতন, জরাজীর্ণ, অব্যবহৃত ভবন দুটি দরপত্র নিলামের মাধ্যমে বিক্রয় করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খানসামা, দিনাজপুর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত নেয়া হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০৫ | মৎস্য বিভাগঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, গত ১৩ অক্টোবর হতে ০৩ নভেম্বর, ২০২৪ খ্রি. পর্যন্ত মোট ২২ দিন ছিল ইলিশের প্রধান প্রজনন মৌসুম। এই সময় সারাদেশে ইলিশ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ ও বিক্রয় দন্ডনীয় অপরাধ। আইন অমান্যকারীকে | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, খানসামা, |

<table>
<tr><td></td><td>কমপক্ষে ১ বছর থেকে সর্বোচ্চ ২ বছরের সশ্রম কারাদন্ড অথবা ৫০০০ টাকা জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত করা যাবে। জনসচেতনতা বাড়াতে সমগ্র উপজেলায় মাইকিং সহ বাজারে ব্যানার টানানো, লিফলেট বিতরণ, পোস্টার লাগানো ও মৎস্য আড়তদার এবং ব্যবসায়ীদের সাথে সচেতনতা সভা করা হয়েছে। ইলিশের প্রজনন মৌসুমকে নিরাপদ ও নির্বিঘ্ন করার জন্য উপজেলা প্রশাসন ও সকলের সহযোগিতায় বিভিন্ন বাজার, আড়তে অভিযান চালিয়ে কোথাও কোন ইলিশ পাওয়া যায়নি। এই কর্মসূচি বাস্তবায়নে সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>তিনি সভায় আরও জানান যে, মৎস্য সংরক্ষণ আইন অনুযায়ী প্রতি বছর ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ৮ মাস জাটকা আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ ও বিক্রয় দন্ডনীয় অপরাধ। আইন অমান্যকারীকে কমপক্ষে ১ বছর থেকে সর্বোচ্চ ২ বছরের সশ্রম কারাদন্ড অথবা ৫০০০ টাকা জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত করা যাবে। এই কর্মসূচি বাস্তবায়নে উপজেলা প্রশাসনসহ সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি সভায় আরও জানান যে, বর্তমানে ব্যাপকহারে কারেন্ট জালের ব্যবহার ও মা মাছ নিধনের কারণে মাছের প্রজনন বিঘ্নিত হচ্ছে। উপজেলা মৎস্য অফিস কর্তৃক অবৈধ চায়না দুয়ারি জাল ও কারেন্ট জাল ধরার অভিযান অব্যাহত রয়েছে কিন্তু মৎস্য অফিস কর্তৃক পরিচালিত অভিযানসমূহ এই মা মাছ শিকার বন্ধের জন্য যথেষ্ট নয়। মাছের প্রজনন মৌসুমকে নিরাপদ করার জন্য উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ও সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্যদের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।</td><td></td><td>দিনাজপুর।</td></tr>
<tr><td>০৬</td><td><u>প্রাথমিক শিক্ষা বিভাগঃ</u><br>উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা শিক্ষা বিভাগের সকল কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষকগণের সম্পদের হিসাব বিবরণী আগামী ২৫/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে দাখিলের নির্দেশনা পাওয়া গেছে।<br>তিনি সভায় আরও জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের স্লিপ ফান্ডের পরিকল্পনা IPEMIS এ সার্ভারে আগামী ২৫/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয় প্রধান এন্ট্রি করেবন। ২০২৫ শিক্ষাবর্ষে পাঠ্যপুস্তক চাহিদা IPEMIS এ সার্ভারে আগামী ২৫/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয় প্রধান এন্ট্রি করেবন।<br>তিনি সভায় আরও জানান যে, পাঠের গুণগত মান উন্নয়নের জন্য নিয়মিত পরিদর্শন কার্যক্রম জোরদার করা সহ মা সমাবেশ, উঠান বৈঠক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। দলি গুলিয়াড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিল কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ ছাড়া উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথা নিয়মে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>০৭</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>০৮</td><td><u>সমাজসেবা বিভাগঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>০৯</td><td><u>পল্লী উন্নয়ন বিভাগঃ</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি'র আওতাধীন প্রকল্পসমূহের অক্টোবর, ২০২৪ মাসের ঋণ কার্যক্রম নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পে নাম</th><th>ঋণ বিতরণ</th><th>ঋণ আদায়</th></tr>
<tr><td>০১</td><td>আবর্তক কৃষি</td><td>-</td><td>৩.১৪</td></tr>
<tr><td>০২</td><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ)</td><td>-</td><td>১২.০০</td></tr>
<tr><td>০৩</td><td>সদাবিক</td><td>১৫.৩৫</td><td>১২.৮৪</td></tr>
<tr><td>০৪</td><td>গুচ্ছগ্রাম</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৫</td><td>আদর্শ গ্রাম-২</td><td>৬.০৬</td><td>৩.৩৫</td></tr>
<tr><td>০৬</td><td>পল্লী প্রগতি</td><td>-</td><td>০.০৫</td></tr>
<tr><td>০৭</td><td>অস্বচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৮</td><td>পল্লী উদ্যোক্তা</td><td>-</td><td>০.৬৪</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>২১.৪১</td><td>৩২.০২</td></tr>
</table>
তিনি সভায় আরও জানান যে, বিআরডিবি'র আওতায় সকল প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
</table>

<table>
<tr><td>১০</td><td><u>দুর্যোগ ব্যবস্থাপনা শাখাঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জনান যে, তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১১</td><td><u>সমবায় বিভাগঃ</u><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সমবায় বিভাগীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা মোতাবেক সমবায় ভ্রাম্যমান প্রশিক্ষণ কার্যক্রম চলমান, সমবায় সমিতির অডিট, পরিদর্শন ও নির্বাচন ইত্যাদি কার্যক্রম যথানিয়মে চলমান রয়েছে। তিনি খানসামা উপজেলার সমবায়ীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমবায়ীদের দক্ষ ও উৎপাদনমুখী কার্যক্রম গ্রহণ করে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত স্ব-নির্ভর উপজেলা হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।<br>তিনি সভায় আরও জানান যে, গোয়ালডিহি আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এ বসবাসরত সুবিধাভোগীদের মাঝে বর্তমান মাস পর্যন্ত ৯,৫০,০০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ৫,৪৬,৩২৬ টাকা ঋণ আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ৬৫%। সমবায় বিভাগের অন্যান্য সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।</td><td>(১) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(২) খেলাপী ঋণ আদায় ১০০% নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা সমবায় অফিসার, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১২</td><td><u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় খানসামা উপজেলার অনুকূলে প্রতিটি ইউনিয়নে ১২টি করে মোট ৭২টি নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। উল্লেখ্য যে, লোক সংখ্যার অনুপাত, পানির বিশুদ্ধতা এবং Geographical Location বিবেচনায় নিয়ে পানির উৎসের স্থান নির্বাচনের জন্য নির্দেশনা পাওয়া যায়।<br>তিনি সভায় আরও জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় খানসামা উপজেলায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করার জন্য পাকেরহাটের দক্ষিণ পার্শ্বে বড় মাঠ সংলগ্ন স্থানে ১০০০০০ (এক লক্ষ) ওভারহেড পানির ট্যাংক স্থাপনের কাজ চলমান রয়েছে। কাজটি বাস্তবায়ন হলে ৩০০-৩৫০ টি পরিবার পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ খাবার সুপেয় পানি পাবে।<br>তিনি সভায় আরও জানান যে, খানসামা উপজেলায় স্যানিটেশনের শতকরা হার ৯১.৯২%। প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে স্যানিটেশন কভারেজ ১০০% উন্নীতকরণের জন্য এডিপি/ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল থেকে অফসেট/ইমপ্রুভ টয়লেট নির্মাণের জন্য অনুরোধ করেন।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৩</td><td><u>মহিলা বিষয়ক বিভাগঃ</u><br>মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃদাঃ) এর প্রতিনিধি সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তের সকল কার্যক্রম যথা নিয়মে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৪</td><td><u>পরিবার পরিকল্পনা বিভাগঃ</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মসূচি সন্তোষজনকভাবে সম্পন্ন হচ্ছে। অতঃপর তিনি অক্টোবর, ২০২৪ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।<br>অস্থায়ী পদ্ধতিঃ
<table>
<tr><th colspan="3">খাবার বড়ি</th><th colspan="3">কন্ডম</th><th colspan="3">ইনজেকশন</th></tr>
<tr><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td></tr>
<tr><td>১৪৭২</td><td>৬৬</td><td>৪%</td><td>২৬৪</td><td>০৩</td><td>৩৬%</td><td>৭১৭</td><td>২১</td><td>৮%</td></tr>
</table>
দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতিঃ
<table>
<tr><th colspan="3">স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা)</th><th colspan="3">আইইউডি</th><th colspan="3">ইমপ্লান্ট</th></tr>
<tr><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td></tr>
<tr><td>১৩</td><td>৩৪</td><td>৩০৯%</td><td>১১</td><td>১০</td><td>৯০%</td><td>৫৮</td><td>১৭২</td><td>২৯৬%</td></tr>
</table>
উপজেলার মোট সক্ষম দম্পতি : ৪৫৩০৪ জন।<br>উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী : ৩৭০২৪ জন।<br>পদ্ধতি গ্রহণকারী (সিএআর) : ৮১.৭২%।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৫</td><td><u>যুব উন্নয়ন বিভাগঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে ১৪টি</td><td>(১) খেলাপী যুব ঋণের টাকা আদায়ে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | ভ্রাম্যমান প্রশিক্ষণ কোর্স এর লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে প্রশিক্ষণ কোর্স এর বিজ্ঞপ্তি জারী করা হয়েছে এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করা হয়েছে। অক্টোবর, ২০২৪ মাস পর্যন্ত ০৫টি ভ্রাম্যমান প্রশিক্ষণ কোর্স সমাপ্ত করা হয়েছে। এছাড়াও অন্যান্য যুব কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হবে।<br>(২) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | খানসামা, দিনাজপুর। |
| ১৬ | বন বিভাগঃ<br>উপজেলা বন কর্মকর্তা, খানসামা SFPC, সামাজিক বন বিভাগ, সভায় জানান যে, তার বিভাগীয় সকল কাজ যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা বন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ১৭ | নির্বাচন অফিসঃ<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, উপজেলা নির্বাচন অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাচন অফিসার, খানসামা, দিনাজপুর। |
| ১৮ | আনসার ও ভিডিপি বিভাগঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কাজ যথা নিয়মে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংকঃ<br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম যথা নিয়মে চলছে। খেলাপী টাকা আদায়ের লক্ষ্যে ঋণ গ্রহীতা ও জামিনদারদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, খানসামা, দিনাজপুর। |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনঃ<br>উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ২১ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ এর প্রতিনিধি সভায় জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের নিয়মিত কাজ স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, খানসামা, দিনাজপুর। |
| ২২ | পরিসংখ্যান বিভাগঃ<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগামী ১০ ডিসেম্বর হতে ২৬ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত ৪র্থ বারের মত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মূল পর্বের তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের স্থায়ী শুমারি/জরিপ কমিটির সদস্যগণের কাছে সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মূল পর্বের তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপস্থিত সকলকে স্ব স্ব অবস্থান হতে সহযোগিতার আহবান জানান এবং তার পক্ষ হতে সকল প্রকার সহযোগিতার আশ্বাস প্রদান করবেন মর্মে সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ২৩ | পাট অধিদপ্তরঃ<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | | |
| ২৪ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রঃ<br>কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | | |
| ২৫ | ইসলামিক ফাউন্ডেশনঃ<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, তার বিভাগীয় কাজ যথা নিয়মে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, খানসামা, দিনাজপুর। |

| ২৬ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ<br>সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর প্রতিনিধি সভায় জানান যে, অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করণের নিমিত্ত রাত্রীকালীন অভিযান অব্যাহত রয়েছে। বকেয়া বিলের কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন অভিযান অব্যাহত রয়েছে। এ বিষয়ে উপজেলা প্রশাসনসহ পুলিশ বাহিনীর আন্তরিক সহযোগিতা কামনা করেন।<br>তিনি সভায় আরও জানান যে, বর্তমানে ট্রান্সফরমারসহ বৈদ্যুতিক মালামাল চুরির প্রবণতা ব্যাপক বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে প্রশাসনসহ পুলিশ বাহিনীর আন্তরিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, খানসামা |
|---|---|---|---|

২৭। **বিবিধ আলোচনা ও সিদ্ধান্তঃ** ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদে দৈনিক মজুরি ভিত্তিতে নিয়োজিত অফিস সহায়কগণ (সাবেক এমএলএসএস) জনাব মোঃ নজরুল ইসলাম, পিতা-মোঃ মজিবর রহমান, গ্রাম-গোবিন্দপুর, ডাকঘর ও উপজেলা-খানসামা, জেলা-দিনাজপুর এবং জনাব মোঃ মনোয়ার হোসেন, পিতা-মোঃ জালাল উদ্দিন, গ্রাম-সুন্দরবন, ডাকঘর-রামডুবিহাট, উপজেলা-দিনাজপুর সদর, জেলা-দিনাজপুর কর্তৃক রাজস্বখাতে নিয়োগ পাওয়ার লক্ষ্যে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নম্বর-১০৩৮২/২০১৪ দায়ের করেন। উক্ত রিট মামলা থেকে উদ্ভুত আপিল নম্বর-৫১০/২০১৮ এর বিরুদ্ধে সিভিল রিভিউ পিটিশন নম্বর-১২৬/২০২০ দায়ের করলে মাননীয় আদালত ১১ ডিসেম্বর ২০২২ তারিখের রায়/আদেশ অনুযায়ী রিটকারীদের নিয়োগ প্রদানের বিষয়ে আইন মন্ত্রণালয়-কে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। সে পরিপ্রেক্ষিতে উক্ত বিষয়ে আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের মতামত অনুযায়ী রিট পিটিশনারের চাকরি রাজস্বখাতে আত্মীকরণ/নিয়মিতকরণের জন্য মাননীয় আপিল বিভাগ কোনো নির্দেশনা প্রদান না করায় উক্ত রায়ের আলোকে রিট পিটিশনারকে নিজ নিজ উপজেলা পরিষদের রাজস্বখাতে অফিস সহায়ক পদে নিয়োগ দেয়ার আইনগত সুযোগ নেই মর্মে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা এর গত ২৯ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১১.০৪২.১৯-৫৬১ নম্বর স্মারকে প্রাপ্ত পত্রে জানা যায়।

তিনি সভায় আরোও বলেন যে, নথিপত্র পর্যালোচনায় দেখা যায় অফিস সহায়ক জনাব মোঃ নজরুল ইসলাম গত ০১/০৮/২০১১ খ্রি. তারিখ এবং অফিস সহায়ক জনাব মোঃ মনোয়ার হোসেন গত ০২/০২/২০১৪ খ্রি. তারিখ হতে বিরতিহীনভাবে দৈনিক মজুরি ভিত্তিতে অদ্যাবধি উপজেলা পরিষদ কর্যালয়, খানসামা, দিনাজপুর এ কর্মরত রয়েছে এবং তাদেরকে যোগদানের তারিখ হতে ৩১ অক্টোবর, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ১৮০ (একশত আশি) টাকা হারে দৈনিক মজুরি প্রদান করা হয়েছে কিন্তু অফিস সহায়কগণ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ হতে বিভিন্ন সময়ে শ্রমিক মজুরির হার পুনঃনির্ধারণের সম্মতিক্রমে স্থানীয় সরকার বিভাগ হতে নিম্নবর্ণিত স্মারক ও তারিখে দৈনিক মজুরি পুনঃনির্ধারণ সম্পর্কিত তথ্য উল্লেখ করে পৃথক পৃথকভাবে আবেদন করেছেন।

| ক্র: নং | অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | পুনঃনির্ধারিত দৈনিক মজুরির হার |
|---|---|---|---|
| ০১ | অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-৪ এর গত ০৮ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের ২১ নং স্মারক | স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর গত ১৮ এপ্রিল, ২০১৬ তারিখের ৫৫৪ নং স্মারক | ১৮০ টাকা হতে ২৬০ টাকা |
| ০২ | অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি-৩ অধিশাখা এর গত ২৪ মে, ২০১৬ খ্রি. তারিখের ৩৪ নং স্মারক | স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর গত ০৮ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের ২১০ নং স্মারক | ২৬০ টাকা হতে ৪৫০ টাকা |
| ০৩ | অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি-৩ অধিশাখা এর গত ১২ অক্টোবর ২০২০ খ্রি. তারিখের ৯৩নং স্মারক | স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর গত ০৯ নভেম্বর, ২০২০ তারিখের ৮৮৩ নং স্মারক | ৪৫০ টাকা হতে ৫৫০ টাকা |

তিনি সভায় আরোও বলেন যে, বর্ণিত স্মারক ও তারিখের অফিস আদেশে শ্রমিক মজুরির হার পুনঃনির্ধারিত হলেও ৩১ অক্টোবর, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ১৮০ (একশত আশি) টাকা হারে তাদেরকে দৈনিক মজুরি প্রদান করা হয়। প্রেক্ষিতে গত ১৮/০৪/২০১৬ খ্রি. হতে ৩১/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত ছকে উল্লিখিত দৈনিক মজুরির টাকা বকেয়া পাওনা হিসেবে দাবি করে অফিস সহায়কগণ আবেদনে উল্লেখ করেছেন।

| ক্র: নং | স্থানীয় সরকার বিভাগ হতে শ্রমিক মজুরির হার নির্ধারণের তারিখ | প্রদেয় মজুরিতে বকেয়া মজুরির পরিমাণ | মোট বকেয়া মজুরি |
|---|---|---|---|
| ০১ | ১৮/০৪/২০১৬ হতে ০৭/০২/২০১৭ পর্যন্ত মোট ২৯৬ দিন | (২৬০-১৮০)= ৮০ টাকা<br>২৯৬ দিন × ৮০/- = ২৩,৬৮০/- টাকা | ২৩,৬৮০.০০ |
| ০২ | ০৮/০২/২০১৭ হতে ০৮/১১/২০২০ পর্যন্ত মোট ১৩৭০ দিন | (৪৫০-১৮০)= ২৭০/- টাকা<br>১৩৭০ দিন × ২৭০/- = ৩,৬৯,৯০০/- টাকা | ৩,৬৯,৯০০.০০ |
| ০৩ | ০৯/১১/২০২০ হতে ৩১/১০/২০২৪ পর্যন্ত মোট ১৪৫২ দিন | (৫৫০-১৮০)= ৩৭০/- টাকা<br>১৪৫২ দিন × ৩৭০/- = ৫,৩৭,২৪০/- টাকা | ৫,৩৭,২৪০.০০ |
| | | সর্বমোট = | ৯,৩০,৮২০.০০ |

তিনি সভায় আরোও বলেন যে, যেহেতু অফিস সহায়কের অভাবে তৎকালীন উপজেলা পরিষদ চেয়ারম্যান দাপ্তরিক কার্যক্রম সুচারুভাবে সমপাদনের লক্ষ্যে অস্থায়ীভাবে ০২ (দুই) জন অফিস সহায়ক জনাব মোঃ নজরুল ইসলাম এবং জনাব মোঃ মনোয়ার হোসেন-কে দৈনিক মজুরি ভিত্তিতে নিয়োগ করে জনস্বার্থে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রেখেছেন। সেহেতু উপজেলা পরিষদের দাপ্তরিক কাজের স্বার্থে উপজেলা পরিষদের অফিস সহায়ক পদে বর্ণিত কর্মচারীদ্বয়কে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ হতে উল্লিখিত তারিখে সর্বশেষ জারীকৃত স্মারকে নির্ধারিত দৈনিক মজুরি হারে উপজেলা পরিষদে নিয়োজিত মালী ও পরিচ্ছন্নতাকর্মীর ন্যায় দৈনিক মজুরি প্রদান করা যেতে পারে।



CamScanner

পর্যালোচনা : অফিস সহায়ক জনাব মোঃ নজরুল ইসলাম গত ০১/০৮/২০১১ খ্রি. তারিখ এবং অফিস সহায়ক জনাব মোঃ মনোয়ার হোসেন গত ০২/০২/২০১৪ খ্রি. তারিখ হতে বিরতিহীনভাবে দৈনিক মজুরি ভিত্তিতে অদ্যাবধি উপজেলা পরিষদ কর্যালয়, খানসামা, দিনাজপুর এ কর্মরত থাকায় দৈনিক ১৮০ টাকা মজুরি প্রাপ্তিতে তাদের সংসার চালানো কোন ভাবেই সম্ভব নয়। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির সাথে সামঞ্জস্যপূর্ণ মজুরি হওয়া দরকার বলে চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউপি, খানসামা, দিনাজপুর মনে করেন এবং অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত স্মারকে পুনঃনির্ধারিত দৈনিক মজুরি হারে তাদের দৈনিক মজুরি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করেন এবং সভায় উপস্থিত সকল সদস্য অফিস সহায়কগণের দৈনিক মজুরি বৃদ্ধি করা যৌক্তিক বলে জোড়ালো সমর্থন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত : (১) অফিস সহায়ক জনাব মোঃ নজরুল ইসলাম গত ০১/০৮/২০১১ খ্রি. তারিখ এবং অফিস সহায়ক জনাব মোঃ মনোয়ার হোসেন গত ০২/০২/২০১৪ খ্রি. তারিখ হতে বিরতিহীনভাবে দৈনিক মজুরি ভিত্তিতে অদ্যাবধি উপজেলা পরিষদ কর্যালয়, খানসামা, দিনাজপুর এ কর্মরত থাকায় তাদের পৃথক পৃথকভাবে আবেনে দাবীকৃত বকেয়া পাওনা মজুরি হিসেবে প্রত্যেককে ৯,৩০,৮২০/- (নয় লক্ষ ত্রিশ হাজার আটশত বিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর কে অনুরোধ করা হলো।

(২) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি-৩ অধিশাখা এর গত ১২ অক্টোবর ২০২০ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)-৯৩ নং স্মারকে পুনঃনির্ধারিত দৈনিক মজুরি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে নভেম্বর, ২০২৪ খ্রি. মাস হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর কে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং দপ্তর প্রধানগণকে সুষ্ঠুভাবে স্ব স্ব দপ্তরের কার্যক্রম পরিচালনার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১১/২০২৪
(মোঃ তাজ উদ্দিন)
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।
২১/১১/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinajpur.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.২৭৬০.০০০.২৫.০০১.২৪-২৬(৫০) তারিখ : ২১/১১/২০২৪ খ্রি.

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৫। উপজেলা ..............................................কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
০৬। চেয়ারম্যান,...........নং...................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৭। জনাব/বেগম.........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৮। সংশ্লিষ্ট নথি।

২১/১১/২০২৪
(মোঃ তাজ উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
ফোন : ০২৫৮৯৯২৯৬০০ (অঃ)
মোবাইল নম্বর-০১৭৬১-৪৯৩৫২৯
মেইল : unokhansama@mopa.gov.bd
২১/১১/২০২৪